

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮৭২

२. यन गलाता त्र्रिष्ठे উপদেশমালা (كِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ মাযলূমের দু'আ অবশ্যই কবূল হয়, যদিও তা কিছুটা বিলম্বে হয়

ذكر البيان بأن دعوة المظلوم تستجاب لَا مَحَالَةَ وَإِنْ أَتَى عَلَيْهَا الْبُرْهَةُ مِنَ الدهر

আরবী

872 _ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ مَوْهَبٍ قَالَ: أَخْبَرَنَا ابْنُ وَهْبٍ عَنْ مَعْرُوفِ بْنِ سُوَيْدٍ قَالَ: سَمِعْتُ عَلِيَّ بْنَ رَبَاحٍ يَقُولُ: سَمِعْتُ أَبَا هُرَيْرَةَ يَقُولُ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم: (اتقوا دعوة المظلوم)

الراوي: أَبُو هُرَيْرَةَ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 872 | خلاصة حكم المحدث:. صحيح ـ

قَالَ أَبُو حَاتِمٍ: قَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ (اتَّقُوا دَعْوَةَ الْمَظْلُومِ) أَمْرٌ بِاتِّقَاءِ دَعْوَةِ الْمَظْلُومِ مُرَادُهُ الزَّجْرَ عَمَّا تَوَلَّدَ ذَلِكَ الدُّعَاءُ مِنْهُ وَهُوَ: الظُّلْمُ فَزَجَرَ عَنِ الشَّيْءِ بِالْأَمْرِ بمُجَانَبَةِ مَا تَوَلَّدَ مِنْهُ

বাংলা

৮৭২.আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "তোমরা মাযলূমের (বদ) দু'আ থেকে বেঁচে থাকো।"[1]

আবৃ হাতিম ইবনু হিবান রহিমাহুল্লাহ বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বক্তব্য, "তোমরা মায়লূমের (বদ) দু'আ থেকে বেঁচে থাকো" এটা হলো মায়লূমের দু'আ থেকে বেঁচে থাকার জন্য নির্দেশ। এর দ্বারা উদ্দেশ্য হলো যুলমের কারণে মায়লূম ব্যক্তি থেকে যে বদ দু'আ বের হয়, তার ব্যাপারে সতর্কীকরণ। এজন্য যেসব কারণে মায়লূম ব্যক্তি এমন দু'আ করে, সে সব কাজ থেকে তিনি সতর্ক করেছেন।"

ফুটনোট



[1] আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৮৭০।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন